

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মনোজ কান্তি বড়াল বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৬ ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৬১ সালে সাবেক বরিশাল জেলার (বর্তমান পিরোজপুর জেলা) নাজিরপুর উপজেলাধীন শ্রীরামকাঠীতে জন্ম গ্রহণ করেন। তিনি শ্রীরামকাঠী ইউ.জে.কে উচ্চ বিদ্যালয় হতে ১৯৭৭ সালে মাধ্যমিক এবং সরকারী ব্রজমোহন কলেজ, বরিশাল হতে ১৯৭৯ সালে এইচ.এস.সি পাশ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিদ্যালয়, ময়মনসিংহ হতে বি.এস.সি (এজি) অনার্স ও এম.এস.সি ডিগ্রী অর্জন করেন।

জনাব মনোজ কান্তি বড়াল চাকুরী জীবনের শুরুতে চট্টগ্রাম জেলায় সহকারী কমিশনার হিসেবে কর্মরত ছিলেন। পরবর্তীতে তিনি বিভাগীয় কমিশনারের কার্যালয় বরিশাল, ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট বরিশাল কালেক্টরেট, উপজেলা নির্বাহী অফিসার টুংগীপাড়া, চার্জ অফিসার, বগুড়া, জোনাল অফিস, অতিরিক্ত জেলা প্রশাসক নাটোর, মাননীয় প্রধানমন্ত্রীর এসাইনমেন্ট অফিসার, জেলা প্রশাসক, নারায়নগঞ্জ পদে কর্মরত ছিলেন। তিনি ২০০৬ সালে উপসচিব পদে এবং ২০১৩ সালে যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি পায়রা সমুদ্র বন্দর কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন ও অর্থ) হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি বিভিন্ন সরকারী সফরে যুক্তরাষ্ট্র, ভারত, শ্রীলংকা, ইটালী, ফ্রান্স, সুইজারল্যান্ড, মোনাকো মন্ট্রিকার্লো, ভ্যাটিক্যানসিটি, থাইল্যান্ড, মালয়েশিয়া, কম্বোডিয়া, ভিয়েতনাম, সিংগাপুর ভ্রমণ করেন।

জনাব মনোজ কান্তি বড়াল বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।